

চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আশ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রাচার পত্র নং- ৫৬/২০২৩খিঃ

তারিখঃ ২৪/০৯/২০২৩খিঃ

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

“ডিরেক্টরেট জেনারেল অফ হেলথ সার্ভিস (ডিজিএইচএস)”, “কোভিড-১৯ ইমার্জেন্সী রেসপন্স এন্ড প্যান্ডেমিক প্রিপ্র্যারডনেস প্রজেক্ট” কর্তৃক সি এন্ড এফ এজেন্ট নিয়োগের জন্য আহবানকৃত দরপত্রে অংশগ্রহণ হতে বিরত থাকা প্রসঙ্গে।

এসোসিয়েশনের সকল সম্মানিত সদস্য সি এন্ড এফ এজেন্টগণের সদয় অবগতির জন্যে জানানো যাচ্ছে, “ডিরেক্টরেট জেনারেল অফ হেলথ সার্ভিস (ডিজিএইচএস)”, “কোভিড-১৯ ইমার্জেন্সী রেসপন্স এন্ড প্যান্ডেমিক প্রিপ্র্যারডনেস প্রজেক্ট” কর্তৃক সি এন্ড এফ এজেন্ট নিয়োগের জন্য আহবানকৃত দরপত্র বিজ্ঞপ্তি নং- DGHS/ERPP/NCS16/378/2023/3280, তারিখঃ- ০৪/০৯/২০২৩খিঃ এ কতিপয় অযৌক্তিক, অপ্রয়োজনীয় ও সি এন্ড এফ এজেন্ট এর জন্যে প্রতিবন্ধকতামূলক শর্ত আরোপ করা হয়েছে। যা সাধারণ সভায় অনুমোদিত এসোসিয়েশনের টেন্ডার সংক্রান্ত নীতিমালার পরিপন্থী। এ ধরনের শর্তের কারণে যোগ্যতা, অভিজ্ঞতা ও প্রাতিষ্ঠানিক ক্ষমতা থাকা সত্ত্বেও অধিকাংশ উপযুক্ত সিএন্ডএফ এজেন্ট উক্ত টেন্ডারে অংশগ্রহণের সুযোগ পাচ্ছে না। অবস্থাদৃষ্টে প্রতিয়মান হয় যে, কোন বিশেষ ব্যক্তি বা প্রতিষ্ঠানকে সুবিধা প্রদানের জন্যে এরূপ অযৌক্তিক, অপ্রয়োজনীয় ও প্রতিবন্ধকতামূলক শর্ত আরোপ করা হয়েছে। দরপত্রে আরোপিত অযৌক্তিক, অপ্রয়োজনীয় ও সি এন্ড এফ এজেন্ট এর জন্যে প্রতিবন্ধকতামূলক শর্ত সমূহ বাতিল করার অনুরোধ জানিয়ে এসোসিয়েশন হতে বিগত ১৪/০৯/২০২৩খিঃ এবং ১৯/০৯/২০২৩খিঃ তারিখ কোভিড-১৯ ইমার্জেন্সী রেসপন্স এন্ড প্যান্ডেমিক প্রিপ্র্যারডনেস প্রজেক্ট এর প্রকল্প পরিচালক কে পত্র প্রেরণ করা হয়েছে।

এমতাবস্থায় “ডিরেক্টরেট জেনারেল অফ হেলথ সার্ভিস (ডিজিএইচএস)”, “কোভিড-১৯ ইমার্জেন্সী রেসপন্স এন্ড প্যান্ডেমিক প্রিপ্র্যারডনেস প্রজেক্ট” এর দরপত্রে আরোপিত অযৌক্তিক, অপ্রয়োজনীয় ও সিএন্ডএফ এজেন্ট এর জন্যে প্রতিবন্ধকতামূলক শর্ত সমূহ বাতিল না করা পর্যন্ত সূত্রোল্লিখিত দরপত্রে অংশগ্রহণ হতে বিরত থাকার জন্যে অনুরোধ জানানো হল।



কাজী মাইমুদ ইমাম(বিলু)

সাধারণ সম্পাদক

চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন